ফাতওয়া নাম্বার:৪৭৬ প্রকাশকালঃ০৪-০৮-২০২৪ ইং

পুরুষত্ব নষ্ট হওয়া ব্যক্তিকে বিয়ে করার বিধান

প্রশ্ন:

এক দুর্ঘটনায় আমার পুরুষত্ব নষ্ট হয়ে গেছে। এখন জানার বিষয় হলো, কোনো মেয়ে যদি আমার পুরুষত্ব নষ্ট হয়ে গেছে জেনেও আমাকে বিয়ে করতে রাজি হয়, তাহলে সেই বিয়ে কি বৈধ হবে?

উল্লেখ্য, মেয়েটি আমাকে খুব ভালোবাসে। সে সারা জীবন আমার কাছে থাকতে চায়।

-জামিলুর রহমান

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد

পুরুষত্বহীন কিংবা কোনো কারণে পুরুষত্ব নষ্ট হয়ে গেছে এমন ব্যক্তির সাথে বিবাহ সহীহ হবে; যদি শরীয়তের নিয়মানুযায়ী বিবাহ সম্পন্ন হয়। -কিতাবুল আছল: ১০/২৪৫, বাদায়িউস সানায়ি: ২/৩২৫, রদ্দুল মুহতার: ৩/৫০০

তবে জেনে শুনে কোনো যুবতী মেয়ের উচিত নয় পুরুষত্বহীন ব্যক্তির সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া এবং অভিভাবকেরও উচিত নয় এমন ব্যক্তির সাথে বিবাহে সম্মত হওয়া। -মুগনি, ইবনে কুদামা: ৭/১৯১; ফাতাওয়া দারুল উলূম করাচি: ৩/১৯৭

বিবাহ একটি স্থায়ী বন্ধন। শারীরিক চাহিদা পূরণ এবং সন্তান জন্ম দেয়া এ বন্ধনের অন্যতম উদ্দেশ্য। আজ আবেগের বশে সম্মত হয়ে গেলেও এক সময় মন ঘুরে যেতে পারে। পারস্পরিক মনোমালিন্য এবং

পারিবারিক অশান্তি সৃষ্টি হতে পারে। বর্তমান এই ফিতনার যামানায় অসম্ভব নয় যে, শারীরিক চাহিদা পূরণে এক সময় গোপনে হারাম সম্পর্কে জড়িয়ে পড়বে।

আপনি সাধ্যানুযায়ী চিকিৎসা-তদবির করে পুরুষত্ব ফিরিয়ে আনার চেষ্টা করুন। হতে পারে আল্লাহ তাআলা আপনার প্রতি ইহসান করবেন।

উল্লেখ্য, উক্ত মেয়ে আপনার জন্য বেগানা। বিবাহ না হওয়া পর্যন্ত তার সাথে দেখা সাক্ষাৎ ও কোনো ধরনের সম্পর্কে জড়ানো হারাম। আশা করি বিষয়টি আপনি অবগত আছেন।

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৯-১১-১৪৪৫ হি.

০৬-০৭-২০২৪ ঈ.